দৈনিক ইত্তেফাক

তারিখ 28 SEP 2017 পৃষ্ঠা ৬ কলাম ৫

# মেডিক্যাল ভর্তি পরীক্ষা হাইকোর্টের রায় বহাল রাখার দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

মেডিক্যাল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর না কাটার বিষয়ে হাইকোর্টের রায় বহালের দাবি জানিয়েছে মেডিক্যাল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় অনিয়ম প্রতিরোধ কমিটি। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলন এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ড. মোঃ ইউনুস আলী আকন্দ, মেডিক্যাল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় অনিয়ম প্রতিরোধ কমিটির প্রধান সমন্বয়ক আনিসুর রহমান আনিস, আহবায়ক মোশারফ হোসেন, সদস্য সচিব নাছিমা আক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।

অ্যাডভোকেট ড. মোঃ ইউনুস আলী আকন্দ বলেন, এমবিবিএস ভর্তির রেজিস্ট্রেশন, সনদ পরীক্ষার প্রশ্ন, খাতা মূল্যায়ন সবই করে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়। অথচ ভর্তির সিরিয়াল করার জন্য ৫ নম্বর কেটে নেবে কিছু পরীক্ষার্থীর কাছ থেকে, যা বেআইনি ও বৈষম্যমূলক। ভর্তি পরীক্ষা পদ্ধতি এ মুহূর্তে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তর করা উচিত।

আনিসুর রহমান আনিস বলেন, ভর্তি পরীক্ষার মাত্র তিন মাস পূর্বে ৫ নম্বর কাটার সিদ্ধান্ত সম্পূর্ণ অযৌক্তিক।

দ্বিতীয়বার এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের প্রাপ্ত নম্বর থেকে মেধা তালিকা তৈরির সময় ৫ নম্বর কেটে নেয়ার সিদ্ধান্তকে বেআইনি ঘোষণার নির্দেশনা চেয়ে গত ২৭ আগস্ট হাইকোর্টে রিটটি করেছিলেন সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনুস আলী আকন্দ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| ... বিভাগ | |
| ... বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর